

# একটি স্কুল প্রয়োজন?



আমরা আপনাকে এনরোল-এ সহায়তা  
করতে প্রস্তুত!

আরো জানুন  
[schools.nyc.gov/NewStudents](https://schools.nyc.gov/NewStudents)  
-সাইটে

## আর্লিলার্ন (জন্ম - 2 বছর বয়সী)

যোগ্য পরিবারদের জন্য, জন্ম থেকে দুই বছর বয়সীদের জন্য আর্লিলার্ন প্রোগ্রাম রয়েছে।

- আপনার পরিবার যোগ্য হয় কিনা এবং এই প্রোগ্রামগুলো সম্পর্কে আরো জানতে [earlylearn@schools.nyc.gov](mailto:earlylearn@schools.nyc.gov) ঠিকানায় ইমেইল করুন।

## 3-K (3 বছর বয়সী) | প্রি-K (4 বছর বয়সী)

2020 সালে যেসব ছেলেমেয়ের বয়স তিন বছর হবে তাদের জন্য 3-K প্রোগ্রামগুলো সম্পর্কে জানুন। 2020 সালে যেসব ছেলেমেয়ের বয়স চার বছর হবে তাদের প্রত্যেকের জন্য প্রি-K-তে আসন রয়েছে।

- 3-K অথবা প্রি-K অপশনগুলো সম্পর্কে আরো জানতে এবং এনরোল করতে আপনার ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের সাথে যোগাযোগ করুন।
- পারিবারিক আয় ও চাহিদার উপর নির্ভর করে যোগ্য ছেলেমেয়েদের জন্য 3-K এবং প্রি-K-এর বর্ধিত দিন/বছরের প্রোগ্রাম রয়েছে। এই প্রোগ্রামগুলো সম্পর্কে এবং আপনার পরিবার যোগ্য কিনা তা জানতে একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যোগাযোগ করুন।

## এলিমেন্টারি স্কুল | মিডল্ স্কুল

2020 সালে যেসব ছেলেমেয়ের বয়স পাঁচ বছর হবে তাদের প্রত্যেকের জন্য কিন্ডারগার্টেনে আসন রয়েছে। যেসব শিক্ষার্থী পঞ্চম গ্রেড শেষ করেছে তারা মিডল্ স্কুল শুরু করতে পারে। অধিকাংশ ছেলেমেয়ে তাদের জোনভুক্ত এলিমেন্টারি অথবা মিডল্ স্কুলে পড়ালেখা করে।

- আপনার যদি কোনো জোনভুক্ত স্কুল থাকে, শিক্ষা বছর চলাকালে এনরোল করতে জোনভুক্ত স্কুলে সরাসরি যোগাযোগ করুন। পরবর্তী পৃষ্ঠায়, একটি জোনভুক্ত স্কুল কীভাবে খুঁজতে হবে তা জানুন।
- আপনার যদি জোনভুক্ত স্কুল না থাকে অথবা আপনি যদি অন্য কোনো বিকল্প বিবেচনা করতে আগ্রহী হন, তাহলে স্কুলগুলো সম্পর্কে জানতে এবং এনরোল করতে একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের সাথে যোগাযোগ করুন।

## হাই স্কুল

যেসব শিক্ষার্থী অষ্টম গ্রেড শেষ করেছে তারা হাই স্কুল শুরু করতে পারে।

- স্কুলের বিকল্পগুলো নিয়ে আলোচনা এবং এনরোল করতে আপনার ফ্যামিলি ওয়েলকাম সেন্টার পরিদর্শন করুন।

আপনার সন্তানের জন্য একটি স্কুল খুঁজতে সাহায্য করার জন্য ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলো সারা বছরব্যাপী প্রস্তুত আছে! এই অভূতপূর্ব সময়ে, আমরা পরিবারদের দূর থেকে বা রিমোটলি সহায়তা করছি। আমাদের সাথে কীভাবে যোগাযোগ করা যাবে সেবিষয়ে পরবর্তী পৃষ্ঠায় এবং [schools.nyc.gov/WelcomeCenters](https://schools.nyc.gov/WelcomeCenters) সাইটে আরো জানুন।

## আপনার কাছাকাছি একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যোগাযোগ করুন!

আমরা ইমেইল, ফোন, এবং ভিডিও কনফারেন্সের মাধ্যমে সহায়তা দিতে প্রস্তুত আছি। একটি অ্যাপয়েন্টমেন্ট অনুরোধ করুন অথবা অনলাইনে প্রশ্ন পাঠিয়ে দিন [schools.nyc.gov/WelcomeCenters](https://schools.nyc.gov/WelcomeCenters) ওয়েবসাইটে। যখন আমাদের সাথে যোগাযোগ করবেন, অনুগ্রহ করে এতে অন্তর্ভুক্ত করুন:

- আপনার সন্তানের প্রথম নাম, শেষ নাম, এবং জন্ম তারিখ
- যদি অন্য ভাষায় সহায়তা প্রয়োজন হয়
- যদি আপনার (সন্তানের পিতামাতা/অভিভাবক) বধিরতা থেকে থাকে অথবা শুনতে সমস্যা হয়


বরো	ডিস্ট্রিক্ট	ইমেইল
ব্রংক্স	8, 11, 12	ZeregaFWC@schools.nyc.gov
	7, 9, 10	FordhamFWC@schools.nyc.gov
ব্রুকলিন	19, 23, 32	StMarksFWC@schools.nyc.gov
	17, 18, 22	OceanFWC@schools.nyc.gov
	13, 14, 15, 16	FtGreeneFWC@schools.nyc.gov
	20, 21	89thFWC@schools.nyc.gov
ম্যানহাটান	1, 2, 4	333FWC@schools.nyc.gov
	3, 5, 6	125FWC@schools.nyc.gov
কুইন্স	24, 30	QueensPlazaNFWC@schools.nyc.gov
	25, 26	LindenFWC@schools.nyc.gov
	27, 28, 29	SutphinFWC@schools.nyc.gov
স্ট্যাটেন আইল্যান্ড	31	PetridesFWC@schools.nyc.gov

## স্কুলে ফিরে আসা: বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

আমি কীভাবে আমার স্কুল ডিস্ট্রিক্ট খুঁজতে পারি অথবা আমার জোনভুক্ত স্কুল আছে কিনা জানতে পারি?

ফোন করুন 311 নম্বরে অথবা আপনার ঠিকানা [schools.nyc.gov/Find-a-School](https://schools.nyc.gov/Find-a-School) -এ এন্টার করুন। আপনার সন্তানের সুনির্দিষ্ট কিছু স্কুলে পড়াশোনা করার অগ্রাধিকার রয়েছে, যেমন তাদের জোনভুক্ত স্কুল এবং তাদের ডিস্ট্রিক্ট অথবা বরোর স্কুলসমূহ।

একটি মাইস্কুলস্ এবং মাইস্টুডেন্ট অ্যাকাউন্টের মধ্যে পার্থক্য কী?

 **Myschools.nyc** -এ আপনি সুনির্দিষ্ট স্কুলগুলো খোঁজ করতে এবং সেগুলো সম্পর্কে আরো জানতে পারবেন (এবং নির্ধারিত আবেদনের সময়সীমায় স্কুলে আবেদন করতে পারবেন)। **MyStudent.nyc** -এ বর্তমান DOE শিক্ষার্থীদের পরিবারেরা NYC স্কুলস্ অ্যাকাউন্ট পেতে পারেন এবং তাদের শিক্ষার্থীদের শিক্ষাগত তথ্য, যেমন গ্রেড ও উপস্থিতি দেখতে পারেন।

আমি কীভাবে দূর থেকে শেখার (রিমোট লার্নিং) ডিভাইস অনুরোধ করতে পারি?

ফর্মটি [coronavirus.schools.nyc.gov/RemoteLearningDevices](https://coronavirus.schools.nyc.gov/RemoteLearningDevices) সাইটে পূরণ করুন। ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের স্টাফগণও আপনাকে একটি ডিভাইস অনুরোধে সহায়তা করতে পারেন।

আমি কোথায় দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) সম্পর্কে আরও জানতে পারি?

[www.schools.nyc.gov/learning/learn-at-home](https://www.schools.nyc.gov/learning/learn-at-home) ভিজিট করুন।